



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ১২৪ /২০২১

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৮  
০৩ অক্টোবর ২০২১

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে 'প্রোগ্রামার' (JOB ID-10129, ২০১৯ সাল ভিত্তিক) এর ০২ টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের প্রবেশপত্র ডাউনলোড এবং লিখিত পরীক্ষা গ্রহণের সময়সূচি ও পরীক্ষা কেন্দ্রের তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের ১৮/০৩/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-৫০/২০২১ এর প্রেক্ষিতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে 'প্রোগ্রামার' (JOB ID-10129, ২০১৯ সাল ভিত্তিক) এর ০২ টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে আবেদনকারী প্রার্থীদের ০২ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা আগামী ১২/১০/২০২১ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০ টা থেকে ৫.০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত কেন্দ্রে অনুষ্ঠিত হবেঃ

কেন্দ্রের নাম	ঠিকানা	প্রারম্ভ রোল	শেষ রোল
সেন্ট্রাল উইমেন্স কলেজ	১৩/২ অভয় দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩।	১০০১	১২০৬

- পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) এ ইতোমধ্যে আপলোড করা হয়েছে। প্রার্থীগণ পরীক্ষা শুরু অব্যবহিত পূর্ব পর্যন্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোন ধরণের কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না। প্রবেশপত্রে কোনোরূপ খসড়া বা কোনো কিছু লেখা যাবে না।

মাস্ক পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/=  
(মোঃ আজিজুল হক)  
মহাব্যবস্থাপক ও সদস্য সচিব  
ব্যাংকার্স সিলেকশন কমিটি